

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৭.২১(অংশ-১).৭৫২

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯
০১ জুন ২০২২

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: চলতি ২০২১-২২ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।

জনাব মোঃ শাহীন চাকলাদার, মাননীয় সংসদ সদস্য, যশোর-৬, বাংলাদেশ জাতীয় সংসদ এর অভিপ্রায় অনুযায়ী জেলা পরিষদ, যশোর এর অধিক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নির্দেশনা মোতাবেক চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড নং-২২১০০০৬০০) 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে উক্ত জেলা পরিষদের অনুকূলে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

২। এ ব্যয় চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ০১ আগস্ট ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০১৮.২০১৭-৩০৭ নং স্মারক, ২৬ ডিসেম্বর ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১০০৬.২০১১-৪৭৪ নং স্মারক, ১৩ মার্চ ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৯৫ নং স্মারক এবং ১২ এপ্রিল ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-১৪৮ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

- (ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- (গ) এ সংক্রান্ত অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২২ এর মধ্যে সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে।

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

স্বাঃ/০১/০৬/২২

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮

ই-মেইল: lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৭.২১(অংশ-১).৭৫২/১(২০)

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯
০১ জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. জনাব মোঃ শাহীন চাকলাদার, মাননীয় সংসদ সদস্য, যশোর-৬, বাংলাদেশ জাতীয় সংসদ
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দ. আ. উপসচিব (বাজেট-১১ অধিশাখা))
৩. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, যশোর।
১০. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, যশোর জেলা
১২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব